

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৯ অগ্রহায়ণ ১৪২১/২৩ নভেম্বর ২০১৪

নম্বরঃ ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৩.৩৬৩—বিশিষ্ট স্থপতি এবং সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধের নকশা প্রণেতা সৈয়দ মইনুল হোসেন গত ১০ নভেম্বর ২০১৪ তারিখে ঢাকায় ইন্তেকাল করেন (ইন্সলিগ্নাহে..... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর।

২। সৈয়দ মইনুল হোসেন ১৯৫২ সালের ২ মে মুন্সিগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্যে স্নাতক ডিগ্রি লাভ করেন। পেশাগত জীবনে তিনি অসাধারণ সাফল্যের পরিচয় দিয়েছেন। জাতীয় স্মৃতিসৌধ, কারওয়ানবাজারস্থ আইআরডিপি ভবন, চট্টগ্রাম ডেভেলপমেন্ট অথরিটি ভবন, চট্টগ্রাম ইউরিয়া সার কারখানা ভবন, বাংলাদেশ বার কাউন্সিল ভবন, উত্তরা মডেল টাউন এবং পরমাণু শক্তি কমিশনের বিখ্যাত নিউক্লিয়ার টেকনোলজি অডিটরিয়ামের নকশা তাঁর সৃষ্টি। তাছাড়া তিনি বাংলাদেশের বিভিন্ন জেলায় খাদ্য গুদামের নকশা এবং ঢাকা শহরের বিভিন্ন বেসরকারি আবাসন প্রকল্পের নকশা প্রণয়ন করেছেন। ঢাকা মিউজিয়ামের প্রাথমিক নকশাও তাঁরই করা।

৩। স্থাপত্য শিল্পে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ১৯৮৭ সালে সৈয়দ মইনুল হোসেনকে একুশে পদকে ভূষিত করা হয়। তাঁর মৃত্যুতে জাতি একজন মহান দেশপ্রেমিক এবং একজন সুদক্ষ স্থপতিকে হারাল।

৪। জাতীয় স্মৃতিসৌধের নকশাকার স্থপতি সৈয়দ মইনুল হোসেনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৩ অগ্রহায়ণ ১৪২১/১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৫। বিশিষ্ট স্থপতি এবং সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধের নকশা প্রণেতা সৈয়দ মইনুল হোসেনের মৃত্যুতে মন্ত্রিসভার ০৩ অগ্রহায়ণ ১৪২১/১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা  
মন্ত্রিপরিষদ সচিব

(১৯৬৪৩)

মূল্য : টাকা ৪.০০

### মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৩ অগ্রহায়ণ ১৪২১  
ঢাকা : ১৭ নভেম্বর ২০১৪

বিশিষ্ট স্থপতি এবং সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধের নকশা প্রণেতা সৈয়দ মইনুল হোসেন গত ১০ নভেম্বর ২০১৪ তারিখে ঢাকায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে.....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর।

সৈয়দ মইনুল হোসেন ১৯৫২ সালের ২ মে মুন্সিগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্যে স্নাতক ডিগ্রি লাভ করেন। পেশাগত জীবনে তিনি অসাধারণ সাফল্যের পরিচয় দিয়েছেন। জাতীয় স্মৃতিসৌধ, কারওয়ানবাজারস্থ আইআরডিপি ভবন, চট্টগ্রাম ডেভেলপমেন্ট অথরিটি ভবন, চট্টগ্রাম ইউরিয়া সার কারখানা ভবন, বাংলাদেশ বার কাউন্সিল ভবন, উত্তরা মডেল টাউন এবং পরমাণু শক্তি কমিশনের বিখ্যাত নিউক্লিয়ার টেকনোলজি অডিটোরিয়ামের নকশা তাঁর সৃষ্টি। তাছাড়া তিনি বাংলাদেশের বিভিন্ন জেলায় খাদ্য গুদামের নকশা এবং ঢাকা শহরের বিভিন্ন বেসরকারি আবাসন প্রকল্পের নকশা প্রণয়ন করেছেন। ঢাকা মিউজিয়ামের প্রাথমিক নকশাও তাঁরই করা।

স্থাপত্যশিল্পে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ১৯৮৭ সালে সৈয়দ মইনুল হোসেনকে একুশে পদকে ভূষিত করা হয়। তাঁর মৃত্যুতে জাতি একজন মহান দেশপ্রেমিক এবং একজন সুদক্ষ স্থপতিকে হারাল।

মন্ত্রিসভা জাতীয় স্মৃতিসৌধের নকশাকার স্থপতি সৈয়দ মইনুল হোসেনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে। মন্ত্রিসভা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd